ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩২৪৪</u>

আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

**প্রতিবন্ধী ভোটারদের ভোটদান প্রক্রিয়া সহজতর করতে নির্বাচন কমিশন নির্দেশনা জারি করেছে**

ভারতের নির্বাচন কমিশন (ই.সি.আই.) ২০২৫ সালের ৬ অক্টোবর বিহার বিধানসভার সাধারণ নির্বাচন এবং ৮টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের তফসিল ঘোষণা করেছে। কমিশন মুখ্য নির্বাচনী আধিকারিকদের (সি.ই.ও.) নির্দেশ দিয়েছে যাতে দিব্যাঙ্গণ ভোটারদের জন্য ভোটগ্রহণ প্রক্রিয়া সম্পূর্ণভাবে সহজলভ্য করা হয়।

বিহারে সকল ভোটকেন্দ্র গ্রাউন্ড ফ্লোর / রাস্তা থেকে সরাসরি প্রবেশ যোগ্য স্থানে স্থাপন করা হবে এবং সেখানে হুইল চেয়ার ব্যবহারকারী প্রবীণ ও দিব্যাঙ্গণ ভোটারদের সুবিধার্থে উপযুক্ত ব্যবস্থা থাকবে। এছাড়াও, দিব্যাঙ্গণ ব্যক্তি ভোটার ও প্রবীণ নাগরিকদের ভোটকেন্দ্রে প্রবেশে অগ্রাধিকার দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

দৃষ্টিপ্রতিবন্ধী ভোটারদের সুবিধার্থে কমিশন ব্রেইল লিপি সহ এক্সেসিবল ভোটার ইনফরমেশন স্লিপ জারি করার নির্দেশ দিয়েছে, যা সাধারণ ভোটার ইনফরমেশন স্লিপস (ভি.আই.এস.)-এর সঙ্গে প্রদান করা হবে।

১৯৬১ সালের নির্বাচন পরিচালনার বিধি-এর ৪৯এন (49N) বিধি অনুসারে, দৃষ্টিপ্রতিবন্ধী ভোটাররা চাইলে তাদের সঙ্গে একজন সহচর নিয়ে ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন এবং প্রয়োজনে সেই সহচরের মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন।

প্রতিটি ভোটকেন্দ্রে ব্রেইল লিপিতে ডামি ব্যালট শিটেরও ব্যবস্থা থাকবে। যে কোনও দৃষ্টিপ্রতিবন্ধী ভোটার এই শিট ব্যবহার করে ই.ভি.এম.-এর ব্যালট ইউনিটে ব্রেইল সুবিধার মাধ্যমে নিজেই ভোট দিতে পারবেন, কোনও সহচরের সাহায্য ছাড়াই।

কমিশন নির্দেশ দিয়েছে যে, ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রে দিব্যাঙ্গণ ভোটারদের জন্য যথাযথ পরিবহণ সুবিধা রাখতে হবে। দিব্যাঙ্গণ ভোটাররা চাইলে ইসিনেট-এ উপলব্ধ দিব্যাঙ্গ (সক্ষম) মডিউল-এ নিবন্ধন করে পরিবহণ ও হুইলচেয়ার সুবিধার জন্য অনুরোধ করতে পারবেন।

এই সমস্ত সুবিধা বিহারের ৯০,৭১২টি ভোটকেন্দ্রে উপলব্ধ থাকবে। এছাড়াও, বিশেষ উদ্যোগ হিসেবে ২৯২টি ভোটকেন্দ্র শুধুমাত্র দিব্যাঙ্গণ ব্যক্তিদের দ্বারা পরিচালিত হবে। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****